# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কেউ রক্ত সম্পর্ক ছিন্ন করলেও তার সাথে সম্পর্ক বজায় জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশ

## ذِكْرُ وَصِيَّةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بصلة الرحم وإن قطعت

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِسْحَاقَ الْأَصْبَهَانِيُّ بِالْكَرْخِ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ يَزِيدَ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَبُو دَاوُدَ عَنِ الْأَسْوَدِ بْنِ شَيْبَانَ عَنْ مُحَمَّدِ بْنِ وَاسِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ: عَنْ أَبِي ذَرٍّ قَالَ: أَوْصَانِي خَلِيلِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِخِصَالٍ مِنَ الْخَيْرِ: (أَوْصَانِي بِأَنْ لَا أَنْظُرَ إِلَى مَنْ هُوَ فَوْقِي وَأَنْ أَنْظُرَ إِلَى مَنْ هُوَ دُونِي وَأَوْصَانِي بِحُبِّ الْمَسَاكِينِ وَالدُّنُوِّ مِنْهُمْ وَأَوْصَانِي أَنْ أَصِلَ رَحِمِي وَإِنْ أَدْبَرَتْ وَأَوْصَانِي أَنْ لَا أَخَافَ فِي اللَّهِ لَوْمَةَ لَائِمٍ وَأَوْصَانِي أَنْ أَقُولَ الْحَقَّ وَإِنْ كَانَ مُرّاً وَأَوْصَانِي أَنْ أُكْثِرَ مِنْ قَوْلِ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ فإنها كنز من كنوز الجنة.)

الراوي : أَبو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 450 | خلاصة حكم المحدث: صحيح -

বাংলা

৪৫০. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমার বন্ধু (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে কয়েকটি ভালো বৈশিষ্ট্যের ব্যাপারে অসিয়ত করেছেন। তিনি আমাকে অসিয়ত করেছেন এই মর্মে যে, আমি যেন আমার উর্দ্ধতন ব্যক্তিদের দিকে না তাকাই; বরং আমার চেয়ে যারা নিচের পর্যায়ের আছে, তাদের দিকে তাকাই, তিনি আমাকে অসিয়ত করেছেন মিসকীনদের ভালবাসতে এবং তাদের কাছাকাছি থাকতে, তিনি আমাকে অসিয়ত করেছেন, আমি যেন রক্ত সম্পর্ক বজায় রাখি, যদিও তা ছিন্ন করা হয়, তিনি আমাকে অসিয়ত করেছেন আল্লাহর ব্যাপারে আমি যেন কোন তিরস্কারকারীর তিরস্কারের পরোয়া না করি, তিনি আমাকে অসিয়ত করেছেন আমি যেন হক কথা বলি, যদিও তা তিক্ত হয়, তিনি আমাকে আরো অসিয়ত করেছেন আমি

যেন ‘লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ’ বেশি বেশি বলি, কেননা এটি জান্নাতের ধন-ভান্ডারের মধ্যে অন্যতম একটি ধন-ভান্ডার।”[1]

## ফুটনোট

[1] বাইহাকী: ১০/৯১; বাযযার: ৩৩০৯; তাবারানী আল কাবীর: ১৬৪৮; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ১/১৫৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১৩/২৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২১৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88914

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন